

কমল কুজুর

অসময় সূর্যাস্ত

আগস্টের এক বিমূর্ত ভোর
কদমের মায়ায় সুবাসিত বাতাস
গাছের ডালে ডালে পাখিদের কলকাকলিতে
ভরা ছিল চারিপাশ ,
হঠাৎ নির্জনতার চাদর ভেঙে
গর্জে ওঠে মেশিনগান,
পাখিগুলো ভয় পায়
দেয় উড়াল অজানায়
বুলেটের খোসাগুলো ছড়িয়ে পড়ে চারিদিকে।

অকস্মাৎ

বাড়ির দেয়াল সব রক্তে রাঙিয়ে যায়
ছোপ ছোপ রক্ত
গাঢ় লাল,
জাতীয় পতাকার সবুজ জমিনের লাল বৃত্তটি
ওঠে ভরে শহীদদের পবিত্র রক্তে ,
হঠাৎ করেই
যেন লাল রঙের মস্ত এক ঢেউ পড়ে
আছড়ে সারা বাংলার বুকে ।

সেদিন পলাশীর আম্লকানন যেন এসেছিল ফিরে
ধানমন্ডির ৩২ নম্বর বাড়িটিতে,
একটি প্রাণও পায়নি রেহাই
ছোট্ট রাসেল থেকে বঙ্গবন্ধু
সব শেষ এক নিমিষেই।

আকাশের সূর্য যেন অস্তমিত হয়
বড় অসময়ে

সোনার বাংলা গড়ার মধুর স্বপ্ন
পথের ধুলায় পড়ে লুটিয়ে
ক্রমশঃ যায় হারিয়ে অতলান্তের আঁধারে।
১৫ ই আগস্ট ২০২০ খ্রি.

